

স্বাক্ষর: ১০/০৭/২০২৪



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

NU Honour's Admission 2023-24

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২২৭৮

তারিখ: ০২/০৯/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদন ১১ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, ঘ) ২য় পর্যায়ে ০৭/০৭/২০২৪ থেকে ১৫/০৭/২০২৪ তারিখ পর্যন্ত যে সকল আবেদনকারী প্রাথমিক আবেদন করেছে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়েছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ প্রিপে আবেদন করতে হবে। কলেজ কর্তৃক ১ম অথবা ২য় পর্যায়ে যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী ২য় রিলিজ প্রিপে আবেদন করতে পারবে না। এখানে উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২য় রিলিজ প্রিপে আবেদন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই ১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে ভর্তি বাতিল করে আবেদন করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২য় রিলিজ প্রিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	আবেদনের তারিখ
১)	২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ প্রিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্রিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী College Selection Option এ গিয়ে বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ প্রিপের আবেদন ফরম পূরণ করবে। গ) আবেদনকারীকে রিলিজ প্রিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না ও কোন ফি প্রদান করতে হবে না। ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ প্রিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	১১/০৯/২০২৪ থেকে ২৩/০৯/২০২৪

(ড. মো. আশেক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

তারিখ: ---/০৯/২০২৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, থো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

স্বাক্ষর: ১০/০৭/২০২৪

১০/০৭/২০২৪